



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০২.০০৫.১৯.১৯৩

তারিখ: ১১ আষাঢ় ১৪২৭  
২৫ জুন ২০২০

বিষয়: বেতন বিলে প্রতিস্বাক্ষরকারী মনোনয়ন।

সূত্র: অধ্যক্ষের ০৯/০৬/২০২০ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কলেজের গভর্নিং বডি'র মাননীয় সভাপতি এডভোকেট সাহারা খাতুন এমপি (ঢাকা-১৮) অসুস্থ থাকায় বেতন বিলে প্রতিস্বাক্ষরকারী মনোনয়নের জন্য আবেদন করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ নং শিম/শা:১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮ তারিখ : ০৫/১০/২০০২ এ বলা আছে যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে(স্কুল,কলেজ ও মাদ্রাসা) ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোনো কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডি'র কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতনভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে ইউ.এন.ও ও জেলা সদরে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন।

বর্ণিত বিষয়ে কলেজের গভর্নিং বডিতে সভাপতি বিদ্যমান থাকায় বিধি মোতাবেক অন্য কাউকে বেতন বিলে স্বাক্ষরের অনুমতি প্রদানের সুযোগ নেই। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

২৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

অধ্যক্ষ, ঢাকা উইমেন কলেজ, উত্তরা, ঢাকা